

গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি ২০২৫-২০২৬

জীববিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

তারিখ: ২০/০৪/২০২৬

উত্তীর্ণ শিক্ষার্থীদের সাক্ষাৎকার সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছুদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা পছন্দক্রম ফরম (চয়েস ফরম) পূরণ করেছে তাদের বিভাগ মনোনয়নের প্রথম তালিকা অদ্য প্রকাশিত হয়েছে। পছন্দক্রম ফরম পূরণকারী সকল শিক্ষার্থীদের সাক্ষাৎকার আগামী ০২/০৫/২০২৬ তারিখ শনিবার নিম্নোক্ত ছকে উল্লেখিত মেধাক্রম ও সময়সূচি অনুযায়ী বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের ডিন অফিসের চতুর্থ তলায় কনফারেন্স কক্ষে গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় অবশ্যই নিম্নের পত্রাদি নিয়ে আসতে হবে:

ক) মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের মূল গ্রেডশিট ও ২ কপি ফটোকপি।

খ) উচ্চ-মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের মূল গ্রেডশিট ও ২ কপি ফটোকপি।

গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

ঘ) ভর্তি ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম এবং শিক্ষার্থীর কলেজ ও বিষয়ের পছন্দক্রম ফরম (চয়েস ফরম) (অবশ্যই লেজারপ্রিন্ট হতে হবে)।

ঙ) বিষয় মনোনয়ন প্রাপ্তদের মাইগ্রেশন বন্ধ/চালুকরণ ফি বাবদ টাকা জমা দেয়ার রসিদ।

সাক্ষাৎকারের তারিখ, বার ও সময় নিম্নরূপ:

তারিখ ও বার	সময়	মেধাক্রম
০২/০৫/২০২৬ (শনিবার)	৯:০০-১০:৩০	০০১-৯০০
	১০:৩০-১২:০০	৯০১-১৬০০
	১২:০০-১:৩০	১৬০১-২৩০০
	২:৩০-৪:০০	২৩০১-৩১০০
	৪:০০-৫:০০	৩১০১-৩৮২৯

অধ্যাপক ড. মো. এনামুল হক

ডিন, জীববিজ্ঞান অনুষদ